দুই জনে
মেয়ের সঙ্গে কোর্টে সেরেনা উইলিয়ামস।

ডাবল হ্যাটট্রিকেই চোখ গেইলদের

আবু ধাবি, ২৯ অক্টোবর : লিগের প্রথমার্ধে একেবারে লাস্টবয়।

সাত ম্যাচে মাত্র একটা জয়। একেবারে খাদের কিনারে পৌঁছে যাওয়া। সেই কিংস ইলেভেন পাঞ্জাব আগামীকাল নামবে প্লে-অফের স্বপ্নটাকে আরও জোরদার করে নিতে। টানা পাঁচটা জয়ে দুরন্ত প্রত্যাবর্তন প্রীতি জিন্টার দলের। রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে স্বপ্নের দৌড়টা বজায় রেখে আগামীকাল লক্ষ্য জয়ের ডাবল হ্যাটট্রিক সেরে নেওয়া। পাঞ্জাব তাদের শেষ ম্যাচে খেলবে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে। আগামীকাল রাজস্থান ও রবিবার মহেন্দ্র সিং ধোনিদের হারাতে পারলেই প্লে-অফের টিকিট পকেটে। লিগের দ্বিতীয় অর্ধে একমাত্র অপরাজিত দল পাঞ্জাব আর পিছনের দিকে তাকাতে নারাজ। রাজস্থানেরও জয় ছাড়া দ্বিতীয় রাস্তা নেই। ১২ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে তারা সাত নম্বরে। শেষ দুটি ম্যাচে (কাল পাঞ্জাব, রবিবার কলকাতা নাইট রাইডার্স) জিততে পারলে অঙ্কের নিরিখে প্লেঅফের সম্ভাবনা বেঁচে থাকবে। গোলাপি ব্রিগেড খড়কুটোর মতো সেটাই আঁকড়ে ধরতে চাইছে।

ভরসা জোগাচ্ছে বেন স্টোকসের দুরন্ত ফর্ম। পাঞ্জাব শিবিরের 'নিউক্লিয়াস' যেমন ক্রিস গেইল, তেমনই রাজস্থান দলের তেমন স্টোকস। সঞ্জু স্যামসন, জস বাটলার, স্টিভেন স্মিথরা থাকলে স্টোকসই মূল ফ্যাক্টর। মিডলঅর্ডারে রিয়ান পরাগ, রাহুল তেওয়াটিয়ারাও ম্যাচ বের করার ক্ষমতা রাখেন। পাঞ্জাব কোচ অনিল কুম্বলের বোলিং স্ট্র্যাটেজি কী থাকে, লক্ষণীয়। লিগের দ্বিতীয়ার্ধে 'ডেথ ওভার' সমস্যা অবশ্য অনেকটাই কাটিয়ে উঠেছে পাঞ্জাব। মহম্মদ সামির ইয়র্কারগুলি একদম পারফেক্ট পড়ছে। ক্রিস জর্ডন, অর্শদীপ সিংরাও চাপটা নিচ্ছেন। উইকেটের জন্য লোকেশ রাহুলের আরেক অস্ত্র লেগস্পিনার রবি

লক্ষ্য প্লে-অফ

বিষ্ণোই। বিদেশিদের নিয়ে গড়া রাজস্থান টপঅর্ডারকে চাপে রাখতে বিষ্ণোই এবং মুরুগান অশ্বীনের স্পিন জুটি তুরুপের তাস হতে পারে। সঞ্জু স্যামসনের দিকে বাড়তি নজর রাখতে হবে। ঠিক ৩২ দিন আগে শারজায় প্রথম সাক্ষাৎকারে স্যামসন ও তেওয়াটিয়ার ঝড়ে উড়ে গিয়েছিল পাঞ্জাবের ২২৩ স্কোরও। শেলডন কটরেলকে এক ওভারে ৫ ছক্কা হাঁকিয়ে হারা ম্যাচ বের করে নেন তেওয়াটিয়া। স্যামসন করেন ৮৫।

জয়ের ডাবল হ্যাটট্রিক, বদলা ও প্লে-অফ-আগামীকাল এক ঢিলে একাধিক পাখি মারার সুযোগ গেইলদের জন্য। পাঞ্জাবের মূল হাতিয়ার ছন্দে থাকা ব্যাটিং। লোকেশ, গেইল, নিকোলাস পুরানরা ধারাবাহিকভাবে রানের মধ্যে। ৫৯৫ রান করে লোকেশ বর্তমানে অরেঞ্জ ক্যাপের মালিক। আর গেইল ফেরার পর পাঞ্জাব কোনও ম্যাচ হারেনি! মিডলঅর্ডারে গ্লেন ম্যাক্সওয়েল রানে ফেরার চেষ্টাটা আগামীকাল সফল হলে আরও ক্ষুরধার দেখাবে পাঞ্জাবের ব্যাটিংকে। অবশ্য গেইলদের পথে সবচেয়ে বড় কাঁটা জোফ্রা আর্চার (১৭ উইকেট)। তবে কার্তিক ত্যাগি, অঙ্কিত রাজপুত, শ্রেয়স গোপালরা যথাযথ সংগত দিতে হবে।

কারণ, আর্চারের যোগ্য সঙ্গীর অভাবটা একাধিক ম্যাচে রাজস্থানকে ভুগিয়েছে। অথচ, দলে ওশানে টমাসের মতো গতিময় বোলার রয়েছে। দিল্লি ক্যাপিটালস, মুম্বই ইন্ডিয়ান্সের মতো সফল দলগুলি যেখানে পেস ব্রিগেডে সাফল্য পাচ্ছে, তখন টমাসকে ব্যবহারের রাস্তাতে হাঁটেনি রাজস্থান। চার বিদেশি কোটায় বাটলার, স্টোকস, আর্চার অটোমেটিক চয়েস। অধিনায়ক হিসেবে স্মিথও টানা খেলছেন। ফলে চতুর্থ বিদেশি হিসেবে টমাসের জন্য দরজা বন্ধ। কাল বাকি ম্যাচে তা খুলবে, সেই সম্ভাবনা কম।

দ্বিপাখির ডুয়েলে রাজস্থান ১১-৯ ব্যবধানে এগিয়ে। শেষ পাঁচ ধরলে ৩-২ অ্যাডভান্টেজ যদিও পাঞ্জাবের পক্ষে। আগামীকাল বাঁচার ম্যাচে অতীত নয়, ৪০ ওভারের ব্যাট-বলের টক্করই শেষ কথা বলবে। গেইলের পাঞ্জাব নাকি স্টোকসের রাজস্থান- কারা অক্সিজেন নিয়ে ফেরে, সেটাই দেখার।

রাজস্থান রয়্যালসের বাধা টপকাতে ক্রিস গেইল, মহম্মদ সামিদের দিকে তাকিয়ে কিংস ইলেভেন পাঞ্জাব।

কিউয়ি বার্কলেকে সমর্থন সৌরভদের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ অক্টোবর : জুলাইয়ের শেষে দায়িত্ব থেকে সরে গিয়েছেন শশাঙ্ক মনোহর। মাঝে প্রায় তিন মাস কেটে গিয়েছে। ক্রিকেটের নিয়ামক সংস্থা আইসিসির একাধিক বোর্ড মিটিং হয়ে গিয়েছে। নিয়মিত বদলে চলেছে আন্তর্জাতিক ক্রিকেট রাজনীতির সমীকরণ। কিন্তু শশাঙ্ক মনোহরের শূন্যস্থান পূরণ করা যায়নি। বড় কোনও অঘটন না হলে আগামী ডিসেম্বরের শুরুতে আইসিসি নয়া চেয়ারম্যান পেয়ে যাবে বলে খবর। আর নয়া চেয়ারম্যানের দৌড়ে রয়েছেন মোট দুজন। নিউজিল্যান্ডের গ্রেগ বার্কলে ও সিঙ্গাপুরের ইমরান খোয়াজা।

নয়া চেয়ারম্যানের দৌড়ে প্রাথমিকভাবে ছিলেন অনেকেই। যার মধ্যে সবচেয়ে বড় নাম হিসেবে ছিলেন বিসিসিআই সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়। কিন্তু তিনি শেষ পর্যন্ত ১৮ অক্টোবরের মধ্যে চেয়ারম্যান পদে প্রত্যাশিতভাবেই মনোনয়ন জমা দেননি। উত্তরবঙ্গ সংবাদে আগেই জানানো হয়েছিল, সৌরভের মনোনয়ন জমা দেওয়ার সম্ভাবনা ক্ষীণ। বাস্তবে সেটাই হয়েছে। শেষ পর্যন্ত নিউজিল্যান্ডের গ্রেগ বার্কলে ও সিঙ্গাপুরের ইমরান খোয়াজা মনোনয়ন জমা দেওয়ার পর চেয়ারম্যান পদে নির্বাচনের সম্ভাবনা প্রায় নিশ্চিত হয়ে গিয়েছে। আইসিসির অন্তবর্তীকালীন চেয়ারম্যানের দায়িত্ব পালন করা খোয়াজা ব্যক্তিগতভাবে দায়িত্ব পেতে মরিয়া হয়ে রয়েছেন। কিন্তু তাঁর পক্ষে নির্বাচনে জেতার কাজটা সহজ হবে না। কারণ সৌরভ গঙ্গোপাধ্যায়ের বিসিসিআই থেকে শুরু করে ইংল্যান্ড-অস্ট্রেলিয়ার মতো ক্রিকেটের 'বিগ থ্রি'র সমর্থন তিনি পাচ্ছেন না বলেই খবর। জানা গিয়েছে, বিসিসিআই নিউজিল্যান্ডের

আইসিসি চেয়ারম্যান

বার্কলেকে যোগ্য প্রার্থী বলে মনে করছে। সৌরভদের ভোট নিউজিল্যান্ড ক্রিকেটের প্রাক্তন প্রধানের দিকেই যাবে। তাছাড়া ইমরান খোয়াজা মাঝের সময়ে ক্রিকেটের উন্নয়নে এমন কিছু সিদ্ধান্ত নিয়েছেন, যা অনেক দেশের ক্রিকেট বোর্ডকেই চটিয়ে দিয়েছে। পাশাপাশি ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সমর্থন নিউজিল্যান্ডের বার্কলে পেয়ে গেলে শশাঙ্ক মনোহরের উত্তরসূরি হওয়ার পথে তাঁর তেমন সমস্যা হবে না বলেই মনে করা হচ্ছে। যদিও ক্রিকেট রাজনীতির সমীকরণ মানলে আগামী কয়েকটি দিন অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে চলেছে বার্কলের জন্য।

জিম সেশনের পর দিল্লি ক্যাপিটালসের শ্রেয়স আইয়ার ও শিখর ধাওয়ান।

আজ আইএসএলের ক্রীড়াসূচি প্রকাশ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ অক্টোবর : শুক্রবার সূচি ঘোষণা আইএসএলের। এরই মধ্যে বিভিন্ন দল শুরু করে দিল অনুশীলন ম্যাচ খেলার প্রস্তুতি।

এবার প্রথমে করোনা, পরে ইস্টবেঙ্গলের যোগদানে আইএসএলের সাংগঠনিক কাজকর্ম চলছে ঢিমেতালে। তবে সেপ্টেম্বরের শুরুতে লাল-হলুদের অন্তর্ভুক্তির পরেও কেটে গিয়েছে প্রায় দুই মাস। ক্রীড়াসূচি কেন ঘোষণা করা হচ্ছে না, তা নিয়েও চলছিল জল্পনা। অবশেষে দীর্ঘ টালবাহানার পর শুক্রবার সূচি প্রকাশ করার কথা জানানো হল আইএসএলের নিজস্ব সোশ্যাল নেটওয়ার্কে। অনেক আগে থেকেই শোনা যাচ্ছিল, প্রথম ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন মুখোমুখি হচ্ছে কেরালা ব্লাস্টার্সের। যদিও এর কোনও সত্যতা এফএসডিএলের কোনও সূত্র থেকেই স্বীকার করা হয়নি এখনও পর্যন্ত। তবে শেষপর্যন্ত সেটা হলে, দুই ফুটবল জনপ্রিয় রাজ্যের দুটি ক্লাবের খেলা যেমন উপভোগ করবেন সমর্থকরা তেমনি অন্য কারণেও নজর থাকবে এই ম্যাচের দিকে। গতবারের আই লিগ চ্যাম্পিয়ন দল মোহনবাগানের কোচ ছিলেন কিবু ভিকুনা। এটিকের সঙ্গে সংযুক্তির ফলে তাঁকে রাখতে পারেনি মোহনবাগান। থেকে গিয়েছেন আইএসএল চ্যাম্পিয়ন এটিকে দলের কোচ আন্তোনিও লোপেজ হাবাস। ফলে দুই স্প্যানিশ কোচের ডুয়েলের পাশাপাশি অন্য এক লড়াইয়ের চোরাস্রোতও বইবে এই ম্যাচে।

এদিকে, লিগ শুরু হওয়ার আগে নিজেদের ঝালিয়ে নিতে প্রস্তুতি ম্যাচ খেলবে দলগুলি। ইতিমধ্যে দুই দক্ষিণি ক্লাব হায়দরাবাদ এফসি ও কেরালা ব্লাস্টার্স ইতিমধ্যেই খেলে ফেলেছে একটি ম্যাচ। ১ ও ১৪ নভেম্বর এফসি গোয়া খেলবে যথাক্রমে জামশেদপুর এফসি ও এটিকে মোহনবাগানের বিরুদ্ধে। ইস্টবেঙ্গল কোচ রবি ফাউলার এখনও ঠিক করেননি তিনি আদৌ তাঁর দলকে প্রস্তুতি ম্যাচ খেলাবেন কিনা। তবে দল নিয়ে শুক্রবার থেকেই তিনি মাঠে নেমে পড়বেন। ওই একইদিনে লাল-হলুদের নতুন জার্সি ও অন্যান্য সরঞ্জামও এসে পড়ার কথা।

ভারতীয় রক্ষণভাগে আস্থা রাখছেন দীপেন্দু

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ অক্টোবর : দলগঠনের কাজ অনেকটাই সারা মহমেডান স্পোর্টিং ক্লাবের। কোচের পদে স্প্যানিশ হোসে হেভিয়াকে বেছে নিয়েছে ক্লাব। সই করানো হয়েছে লা লিগায় খেলা মহম্মদ ফাতাউয়ের মতো তারকা ফুটবলারকে। সঙ্গে দুরন্ত ফর্মে থাকা ফিলিপ আদজা

আই লিগ

এবং বাংলাদেশ প্রিমিয়ার লিগের সেরা বিদেশি ফুটবলার রাফায়েল ওনরেবেকে আপফ্রন্টে রেখে আই লিগের অভিযানে নামার অঙ্ক কষছেন দীপেন্দু বিশ্বাস, শেখ ওয়াসিম আক্রামরা। মাঝমাঠে তীর্থঙ্কর সরকার, শেখ ফৈয়াজদের পাশে খেলতে দেখা যাবে বাংলাদেশের অধিনায়ক জামাল ভুঁইয়া, ফাতাউয়ের মতো তারকাকে। তবে এজে কিংসলের পরিবর্ত হিসেবে কোনও বিদেশি ডিফেন্ডার নয়, বরং ভারতীয় ফুটবলারদের ওপরে আস্থা রাখছেন ক্লাবের ফুটবল সচিব দীপেন্দু। তাঁর কথায়, 'বলবিন্দার সিং, সুজিত সাধু কোয়ালিফায়ারে যথেষ্ট ভালো খেলেছে। ওদের যত খেলানো হবে, তত ওরা ভালো খেলবে। ইস্টবেঙ্গল থেকে আমরা আশিরকে (আখতার) নিয়েছি। ও খুব ভালো ফুটবলার।' দলে শক্তি বাড়াতে অরিজিৎ বাগুই, মনোজ মহম্মদ, অলউইন জর্জ সহ বেশ কিছু নতুন ফুটবলারকে সই করিয়েছে মহমেডান। লম্বা লিগের কথা মাথায় রেখে এক পজিশনে একাধিক ফুটবলার রেখে দলের রিজার্ভ বেঞ্চকে শক্তিশালী করতে চাইছেন দীপেন্দুরা। এদিকে, ইস্টবেঙ্গলে খেলা গোলরক্ষক রক্ষিত ডাগরকে সই করাল আই লিগের ক্লাব সুদেবা এফসি।

মেসি, রোনাল্ডোকে নিয়ে টুইট যুদ্ধ বার্সা-জুভে সমর্থকদের

সুপার সাব র‍্যাশফোর্ডের নজির

ম্যাঞ্চেস্টার, ২৯ অক্টোবর : চ্যাম্পিয়ন্স লিগের আসরে জয়জয়কার ইংলিশ প্রিমিয়ার লিগের দুই ক্লাব ম্যাঞ্চেস্টার ইউনাইটেড এবং চেলসির। বুধবার গ্রুপ পর্যায়ের ম্যাচে মার্কাস র‍্যাশফোর্ডের হ্যাটট্রিকে ভর করে আরবি লিপজিগকে ৫-০ গোলে উড়িয়ে দিল ম্যান ইউ। অপরদিকে, অ্যাওয়ে ম্যাচে প্রায় এগারো হাজার দর্শকের উপস্থিতিতে ক্রাসনোডারকে ৪-০ গোলে বিধ্বস্ত করল ফ্র্যাঙ্ক ল্যাম্পার্ডের চেলসি। তবে ফুটবলপ্রেমীদের নজর ছিল গ্রুপ 'জি'-র জুভেন্তাস বনাম বার্সেলোনা ম্যাচের দিকে। করোনা সংক্রমণের কারণে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর অনুপস্থিতিতে ম্যাচের জৌলুস অনেকটাই কমে গিয়েছিল। তবে সেই নিষ্প্রভ ম্যাচে আলো জ্বাললেন লিওনেল মেসি। চিরপ্রতিদ্বন্দ্বীর ডেরায় ২-০ গোলে জিতে বাজিমাত করল লিওনেল মেসির বার্সেলোনা।

ম্যান ইউ বনাম লিপজিগ ম্যাচে ফিরে এল ২১ বছর আগের দৃশ্য। ১৯৯৯-এর ইপিএল আসরে নটিংহ্যাম ফরেস্টের বিরুদ্ধে পরিবর্ত হিসেবে মাঠে নেমে মাত্র ২০ মিনিটে হ্যাটট্রিক করেছিলেন ওলে গুনার সোলসায়ার। এদিন র‍্যাশফোর্ডের হ্যাটট্রিকে সেই স্মৃতি ফিরল ওল্ড ট্র্যাফোর্ডে। ম্যাচের ২১ মিনিটে ম্যাসন গ্রিনউডের গোলে এগিয়ে গিয়েছিল রেড ডেভিলস। দ্বিতীয়ার্ধের ৬৩ মিনিটে তাঁর পরিবর্ত হিসেবে মাঠে আসেন মার্কাস। ৭৪ থেকে ম্যাচের সংযুক্তি সময় ১৮ মিনিটে হ্যাটট্রিক করেন 'সুপার সাব' র‍্যাশফোর্ড। ৮৭ মিনিটের পেনাল্টি থেকে গোল করে জয়ের ব্যবধান বাড়ান অ্যান্টনি মার্শিয়াল। এডিনসন কাভানির গোল বাতিল না হলে হাফডজন গোলে জিততে পারত ম্যান ইউ।

চ্যাম্পিয়ন্স লিগের আসরে র‍্যাশফোর্ড প্রথম ম্যান ইউ তারকা যিনি এক অর্ধে হ্যাটট্রিক করলেন। শুধু তাই নয়, চ্যাম্পিয়ন্স লিগের ইতিহাসে পরিবর্ত ফুটবলার হিসেবে দ্রুততম হ্যাটট্রিকের নজিরও গড়লেন তিনি। পিএসজি ম্যাচেও দুরন্ত খেলছিলেন। এদিন দলকে একার হাতে জেতালেন। ম্যাচ শেষে অবশ্য একক কৃতিত্ব নয়, দলীয় সংহতির কথা ইংরেজ স্ট্রাইকারের মুখে। তিনি বলেন, 'বিপক্ষ গোলে আক্রমণ বজায় রাখতে হবে, তেমনটাই নির্দেশ দিয়েছিলেন কোচ। আমরা সেটাই পালন করেছি। ম্যাচের শুরু থেকে হোক কিংবা পরিবর্ত হিসেবে গোল করার লক্ষ্য নিয়েই মাঠে নামি। সেটা পূরণ করতে পেরে আনন্দ হচ্ছে। তবে এটা টিম গেমের জয়।' একই সুর সোলসায়ারের গলাতেও। তাঁর বক্তব্য, 'লিপজিগ হাই প্রেসিং ফুটবল খেলতে অভ্যস্ত। আমরা তাই পালটা আক্রমণে যাওয়ার স্ট্র্যাটেজি নিয়েছিলাম। সেই পরিকল্পনা কাজে লেগে গিয়েছে। র‍্যাশফোর্ড সুপার সাব হিসেবে আজ অনবদ্য ছিল। তবে দলের প্রত্যেকের মিলিত প্রচেষ্টা ছাড়া এই বড় জয় পাওয়া সম্ভব ছিল না।' গ্রুপের অপর ম্যাচে মোয়েস কিনের জোড়া গোলে ভর করে ইস্তানবুল বাসাকসেহিরকে ২-০ গোলে হারাল পিএসজি।

এদিকে, ম্যাচ জিতে জুভেন্তাসের সঙ্গে টুইটযুদ্ধে বার্সেলোনা। ম্যাচের ১৪ মিনিটে ওসমান ডেম্বেলের দুরন্ত গোল। সেই ব্যবধান ম্যাচের শেষলগ্নে দ্বিগুণ করেন মেসি। পেনাল্টি থেকে গোল করে দলকে শুধু ২-০ গোলে জেতালেন না, টেক্কা দিলেন রোনাল্ডোহীন জুভেন্তাসকে। ম্যাচের পর সোশ্যাল মিডিয়ায় রোনাল্ডোর ক্লাবকে বার্সেলোনার কটাক্ষ, 'আপনাদের মাঠে (জুভেন্তাস) প্রকৃত সেরাকে দেখতে পেয়ে আমরা আনন্দিত।' পালটা জবাবে জুভেন্তাসের টুইট, 'আপনারা (বার্সেলোনা) ভুল অভিধান দেখছেন। প্রকৃত সেরাকে আমরা ন্যু ক্যাম্পে নিয়ে আসব।' করোনা সংক্রমণের কারণে খেলতে না পারলেও সতীর্থদের তাতাতে সোশ্যাল মিডিয়ায় জুভেন্তাসের জার্সি গায়ে ট্রেডমার্ক সেলিব্রেশনে মেতেছিলেন সিআর সেভেন। তবে তা কাজে দেয়নি। জুভেন্তাসের দুর্ভাগ্য, ম্যাচে তিনবার আলভারো মোরাতার গোল বাতিল করেন ভিডিও অ্যাসিস্ট্যান্ট রেফারি। এই হারকে বড় শিক্ষা হিসেবে দেখছেন জুভেন্তাস কোচ আন্দ্রে পিরলো। অপরদিকে, জোসেপ মারিয়া বার্তোমিউয়ের পদত্যাগের ২৪ ঘণ্টার মধ্যে ঝকঝকে পারফরমেন্স বার্সেলোনার। জুভেন্তাস ম্যাচ জিতে গ্রুপ শীর্ষে রইলেন মেসিরা। নিজেদের এখন থেকেই খেতাব জয়ের দাবিদার হিসেবে দেখছেন বার্সা তারকা সার্জি রবার্তো।



ম্যাচ শেষে মেসির সঙ্গে কোয়েম্যান। (ডানদিকে) ম্যাচ বল নিয়ে মার্কাস র‍্যাশফোর্ড।

চ্যাম্পিয়ন্স লিগের ফলাফল

ম্যাঞ্চেস্টার ইউনাইটেড-৫	আরবি লিপজিগ-০
বার্সেলোনা-২	জুভেন্তাস-০
চেলসি-৪	ক্রাসনোডার-০
পিএসজি-২	ইস্তানবুল বাসাকসেহির-০
ক্লাব ব্রুজ-১	লাজিও-১
সেভিয়া-১	রেনেঁ-০
বরুসিয়া ডর্টমুন্ড-২	জেনিথ সেন্ট পিটার্সবার্গ-০
ফেরেঙ্কাভারোস-২	ডায়নামো কিয়েভ-২

সেঞ্চুরি বুমরাহর

আইপিএলে প্রথম, একশোয় বিরাটের উইকেট

আবু ধাবি, ২৯ অক্টোবর : শুরুটা করেছিলেন ২০১৩ সালে। বিরাট কোহলির মূল্যবান উইকেট তুলে নিয়ে আইপিএলে খাতা খোলেন। সাত বছরের ব্যবধানে গতকাল সেঞ্চুরি পূরণ জসপ্রীত বুমরাহর। প্রথম শিকারের মতো বিরাটের উইকেট নিয়েই একশো উইকেট ক্লাবে পা রাখলেন। বুধবার আরসিবি-কে হারিয়ে প্লে-অফের টিকিট কার্যত পকেটে পুরে নিয়েছে মুম্বই ইন্ডিয়ান্স। বিরাট কোহলি, দেবদূত পাডিক্কাল সহ তিনটি উইকেটে নিয়ে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন বুমরাহও। আর তিন শিকারের প্রথমটিতেই বিরাটকে আউট করে নিজের ৮৯তম ম্যাচে আইপিএলের ১৬ নম্বর বোলার হিসেবে এই কীর্তি গড়েন। সর্বাধিক ১৭০টি উইকেট নিয়েছেন মুম্বই ইন্ডিয়ান্সেরই লাসিথ মালিঙ্গা। পারিবারিক কারণে মালিঙ্গা এবার সরে দাঁড়িয়েছেন। ট্রেন্ট বোল্ট, জেমস প্যাটিনসন, নাথান কোল্টার-নাইলদের নিয়ে মালিঙ্গার অভাব অবশ্য টের পেতে দিচ্ছেন না বুমরাহ। ১২ ম্যাচে ২০ উইকেট নিয়ে চলতি লিগের উইকেটশিকারির তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন। এক নম্বরে দিল্লি ক্যাপিটালসের কাগিসো রাবাদা (১২ ম্যাচে ২৩ উইকেট)।

সতীর্থদের সঙ্গে দেখা করতে চান কপিল

নয়াদিল্লি, ২৯ অক্টোবর : চারদিন আগেই সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন কপিল দেব। আর এবার প্রাক্তন সতীর্থদের সঙ্গে দেখা করার ইচ্ছাপ্রকাশ করলেন তিরাশির বিশ্বকাপজয়ী অধিনায়ক। বৃহস্পতিবার এক ভিডিও বার্তায় সতীর্থদের উদ্দেশ্যে তিনি বলেছেন, 'এখানে আবহাওয়া খুব সুন্দর। আমি তোমাদের সবার সঙ্গে দেখা করতে চাই। শারীরিকভাবে পুরোপুরি সুস্থ আমি। কঠিন সময়ে পাশে থাকার জন্য সবাইকে ধন্যবাদ। আশা করি সবার সঙ্গে খুব তাড়াতাড়ি দেখা হবে। চলতি বছর প্রায় শেষের দিকে। আমার বিশ্বাস আগামী বছর সবার জন্য খুব ভালো সময় নিয়ে আসবে।' গত সপ্তাহে হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ৬১ বছরের কপিল। তারপর অ্যাঞ্জিওপ্লাস্টি হয় প্রাক্তন এই অলরাউন্ডারের।

সূর্যকে নিয়ে নির্বাচকদের বার্তা শাস্ত্রীর

মুম্বই, ২৯ অক্টোবর : জাতীয় দলে জায়গা পেতে সূর্যকুমার যাদবকে আর কী কী করতে হবে?

অস্ট্রেলিয়াগামী দলে সূর্যের নাম না দেখে ঠিক এই প্রশ্নটাই সোমবার তুলেছিলেন হরভজন সিং। প্রাক্তন ভারত অধিনায়ক দিলীপ বেঙ্গসরকার তো নির্বাচন পদ্ধতি নিয়ে তদন্তের দাবি তুলেছেন বোর্ড সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়ের কাছে। বুধবার রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের বিরুদ্ধে ৪৩ বলে অপরাজিত ৭৯ রানের ইনিংসের পর সূর্যর প্রতি 'বঞ্চনার' অভিযোগ আরও জোরদার। এদিন সেই বিতর্কই যেন আরও কিছুটা উসকে দিলেন স্বয়ং রবি শাস্ত্রী! সূর্যর প্রশংসা করতে গিয়ে নির্বাচকদের উদ্দেশে ঘুরিয়ে বার্তাও দিয়ে রাখলেন ভারতীয় দলের হেড কোচ।

আরসিবি ম্যাচের পর সোশ্যাল মিডিয়ায় সূর্যের প্রশংসায় পঞ্চমুখ শাস্ত্রী। টুইটারে সূর্যর একটি ছবি আপলোড করে লিখেছেন, 'সূর্যপ্রণাম। শক্তিশালী থাকো। ধৈর্য রাখো।' আর বার্তাটা শাস্ত্রী ট্যাগ করেছেন সূর্যকুমারকেও। ভারতীয় দলে ভবিষ্যতে সূর্যর অন্তর্ভুক্তির ইঙ্গিতটাই আদতে দিয়ে রাখলেন টিম ইন্ডিয়ার হেড কোচ। একই সঙ্গে মুম্বইয়ের বর্তমান তারকা সূর্যের প্রতি সহানুভূতি দেখিয়ে নির্বাচন পদ্ধতি নিয়ে একই সঙ্গে প্রশ্ন তুললেন মুম্বইকর শাস্ত্রী।

বিরাট কোহলি ব্রিগেডের ১৬৪ রানের জবাবে কার্যত একার হাতে মুম্বইকে লক্ষ্যে পৌঁছে দেন সূর্য। টপঅর্ডারের বাকিরা সাফল্য না পেলেও, ম্যাচের রাশ কখনও আলগা হতে দেননি তিনি। ডেল স্টেইনের মতো বোলারকেও সূর্যর তেজের সামনে ম্লান লাগছিল। ফর্মে থাকা যুযবেন্দ্র চাহালকেও চাপে ফেলে দেন ৩টি ছক্কা ও ১০টি বাউন্ডারি দিয়ে সাজানো ইনিংসে। এমনকি পাত্তা দেননি বিরাটের স্লেজিংয়ের প্রচেষ্টাকেও। মুখের বদলে

তিরস্কৃত হার্দিক-মরিস

মুম্বই ইন্ডিয়ান্সকে জিতিয়ে ঘুমোতে চললেন সূর্যকুমার যাদব।

ব্যাট হাতে দলের প্লে-অফের টিকিট নিশ্চিত করার দায়িত্বটা সম্পন্ন করে তবেই ফিরেছেন।

আরসিবি কোচ সাইমন কাটিচও বলেন, 'সূর্যকুমার অত্যন্ত ভালো ক্রিকেটার। টুর্নামেন্টে দারুণ খেলছেও। আজ দুই দলের মধ্যে ব্যবধান গড়ে দিল। রান পেল এবং সেটা করল দ্রুততার সঙ্গে। অনবদ্য কয়েকটা চার-ছক্কায় এদিন চাহালকেও চাপে ফেলে দেয়। একসময় মুম্বইকে ৭০/৩ করে দিয়ে আমরাই কিছুটা এগিয়ে ছিলাম। কিন্তু সূর্যর দুর্দান্ত ইনিংস ম্যাচের মোড় ঘুরিয়ে দেয়। তবে হারলেও দেবদূত, ফিলিপের সফল ওপেনিং পার্টনারশিপ আমাদের জন্য প্রাপ্তি।'

> সূর্যপ্রণাম। শক্তিশালী থাকো। ধৈর্য রাখো।
>
> –রবি শাস্ত্রী

এদিকে, মুম্বই ইন্ডিয়ান্স-আরসিবি ম্যাচে আইপিএলের আচরণবিধি ভেঙে তিরস্কৃত হলেন হার্দিক পান্ডিয়া ও ক্রিস মরিস। মাঠের মধ্যেই দুজন কথা কাটাকাটিতে জড়িয়ে পড়েন। ২.৫ ধারা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত আরসিবি পেসার মরিস। হার্দিক ভেঙেছেন ২.২০ ধারা। ম্যাচ রেফারি মনু নায়ার অবশ্য তিরস্কৃত করেই এ যাত্রায় দুজনকে রেহাই দেন। মুম্বই ইনিংসের ১৯তম ওভারের ঘটনা। চতুর্থ বলে হার্দিক ছক্কা মারেন মরিসকে। তখন একপ্রস্থ তর্কে জড়ান দুজনে। পরের বলেই হার্দিককে আউট করে কিছু মন্তব্য করতে দেখা যায় মরিসকে। আঙুল তুলে পালটা জবাব দেন হার্দিকও, যা নজর এড়ায়নি ম্যাচ রেফারির।

ধোনিকে শ্রদ্ধা বোর্ডের।। *সোমবার অস্ট্রেলিয়াগামী ভারতীয় দল ঘোষণা করা হয়েছে। আইপিএলের পর স্যর ডন ব্র্যাডম্যানের দেশে উড়ে যাবেন বিরাট কোহলিরা। গত দেড় দশকে প্রথমবার যে ভারতীয় দলে নেই মহেন্দ্র সিং ধোনি। গত অগাস্টেই আন্তর্জাতিক ক্রিকেটকে গুডবাই জানিয়েছেন। শেষ ম্যাচ খেলছেন তারও বছরখানেক আগে। অতএব অজিগামী দলে থাকারও কথা নয়। কিন্তু মাহি-আবেগ অস্বীকার করা মুশকিল। ভারতীয় ক্রিকেট বোর্ডের পদক্ষেপে সেই আবেগের প্রতিফলন। ধোনিকে সম্মান জানাতে নিজেদের টুইটার অ্যাকাউন্টের কভার পেজ বদলে সেখানে এমএসের ছবি রাখল বিসিসিআই। ভারতীয় দলের নীল জার্সিতে হাসিমুখের ক্যাপ্টেন কুল। ছবির সঙ্গে ক্যাপশন- 'থ্যাংক ইউ এমএস ধোনি'।*

তালিকায় এক নম্বরে ধোনি

নয়াদিল্লি, ২৯ অক্টোবর : এই মুহূর্তে দেশের সবচেয়ে শ্রদ্ধেয় ক্রীড়া ব্যক্তিত্বের নাম প্রাক্তন অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি। বর্তমান অধিনায়ক বিরাট কোহলি টেলিভিশনের বুকে সফলতম সেলিব্রিটিদের অন্যতম, আবার করণ জোহরের মতো কিছুটা বিতর্কিতও বটে। পাশাপাশি কোহলি ও তাঁর স্ত্রী অনুষ্কা ভারতের সবচেয়ে আকর্ষক বিবাহিত জুটি। এমনই সব তথ্য সরবরাহ করেছে দেশের একটি গবেষণা সংস্থা, যার নাম ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হিউম্যান ব্র্যান্ডস। তারা আরও জানিয়েছে, সেলিব্রিটিদের মধ্যে বিতর্কিত হলেন মুম্বই ইন্ডিয়ান্সের তারকা অলরাউন্ডার হার্দিক পান্ডিয়া। বেশ কিছুদিন আগে একটি টেলিভিশন অনুষ্ঠানে পান্ডিয়া এমন কিছু মন্তব্য করেছিলেন যা ক্রিকেট বোর্ডকে অবধি এই ক্রিকেটারের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বাধ্য করেছিল। সংস্থাটি তাদের সমীক্ষায়

শ্রদ্ধেয় ক্রীড়াবিদ

জানিয়েছে, ধোনির নম্র স্বভাব, মাঠের ভিতরে ও বাইরে তাঁর ঠান্ডা মাথা এবং অবশ্যই জাতীয় দলের হয়ে তাঁর অসাধারণ সাফল্য, এসব কিছু এই উইকেটকিপার-ব্যাটসম্যানকে সবার চেয়ে এগিয়ে রেখেছে। ধোনির অধিনায়কত্বে দুই